



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 1st Semester Examination, 2020, held in 2021

BNGACOR02T-BENGALI (CC2)

প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ (অনধিক ৩০০ শব্দে) ১০×৪ = ৪০

একক - ১

(ক) অভিসার কাকে বলে? তোমার পাঠ্যপদ অবলম্বনে এই পর্যায়ের কাব্যসৌন্দর্য বিচার করো। ২+৮

অথবা

(খ) বৈষ্ণব পদাবলীর পঞ্চরস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে মধুর রসের শ্রেষ্ঠত্ব নির্দেশ করো। ১০

একক - ২

(গ) বাঙালির ঘরের কথাই বড় হ'য়ে দেখা দিয়েছে শাক্ত পদগুলিতে — পাঠ্যপদ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

অথবা

(ঘ) “আমায় দেও মা তবিলদারী,
আমি নিমক্‌হরাম নই শঙ্করী।” ১+১+৮

— পদকর্তা কে? কোন্ পর্যায়ের পদ? মায়ের কাছে ভক্ত-কবির যে অনুযোগ ব্যক্ত হয়েছে, পদটি অনুসরণে তার স্বরূপ বিশ্লেষণ করো।

একক - ৩

(ঙ) দুঃখ দারিদ্র্যের চিত্র অঙ্কনে অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগ-ই কবিকঙ্কণের স্বভাবধর্ম — চণ্ডীমঙ্গলের আখ্যটিক খণ্ড অনুসরণে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

অথবা

(চ) মুরারি শীল চরিত্রটি তার গোষ্ঠীজীবনকে আশ্রয় করেই উজ্জ্বল হ'য়ে উঠেছে। — আলোচনা করো। ১০

একক - ৪

(ছ) চৈতন্যভাগবতের আদিখণ্ডের দশম অধ্যায়ে ‘বিষ্ণুপ্রিয়া পরিচয় বর্ণন’ অংশটির পরিচয় দাও। প্রসঙ্গত, বিষ্ণুপ্রিয়া চরিত্র সৃষ্টিতে বৃন্দাবন দাসের দক্ষতা বিচার করো। ১০

অথবা

- (জ) চৈতন্যভাগবতের আদিখণ্ডের অনুসরণে শ্রীচৈতন্য মহাপ্রভুর শৈশব-বাল্য-কৈশোর লীলার বর্ণনায় বৃন্দাবন দাসের কৃতিত্ব কতখানি তা বুঝিয়ে দাও। ১০
- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (অনধিক ১৫০ শব্দে) ৫×২=১০
- (ক) ‘সিন্ধু নিকটে যদি কণ্ঠ শুকায়ব
কো দূর করব পিয়াসা॥’
— পদকর্তা কে? কোন্ পর্যায়ের পদ? উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ১+১+৩
- (খ) ‘ওরে নবমী নিশি, না হইও রে অবসান’
— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩
- (গ) ‘শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা।
কার সঙ্গে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা॥’
— কে, কাকে কথাগুলি বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ‘রাতা’ শব্দের অর্থ কি? ১+১+২+১
- (ঘ) ‘অতএব তীর্থ নহে তোমার সমান।
তীর্থের পরম তুমি মঙ্গল প্রধান॥’
— কে, কাকে কখন এই উক্তিটি করেছেন? ১+১+৩

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—